# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 07 July, 2025

নির্বাচনী ব্যয়সীমা ২৫ লাখ টাকা থেকে বাড়িয়ে ৪০ লাখ টাকায় উন্নীত করার দাবি জানিয়েছে ন্যাশনাল ডেমোক্রেটিক মুভমেন্ট (এনডিএম)। সোমবার (৭ জুলাই) প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক শেষে এই দাবি জানান দলের চেয়ারম্যান ববি হাজ্জাজ।

ববি হাজ্জাজ জানান, বর্তমান বাজারদরের প্রেক্ষাপটে ২৫ লাখ টাকায় নির্বাচনী ব্যয় সীমাবদ্ধ রাখা অবাস্তব। তিনি বলেন, "বাজারমূল্য বেড়েছে, অথচ পোস্টারও তুলে দিতে বলা হয়েছে।তার ওপর বিলবোর্ডের মতো প্রচারণার খরচ থাকলে ব্যয়সীমা ২৫ লাখে রাখা সম্ভব নয়।" তাই ব্যয়সীমা ৪০ লাখে উন্নীত করার প্রস্তাব দেন তিনি।

বৈঠকে আরও কয়েকটি বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে জানান এনডিএম চেয়ারম্যান।এর মধ্যে রয়েছে–

- ৬০ দিনের মধ্যে সীমানা নির্ধারণের আহ্বান
- পিভিসি পোস্টার নিষিদ্ধের সিদ্ধান্ত প্রত্যাহার
- নিবন্ধন স্থগিত থাকা দলের নেতাদের প্রার্থী হওয়া রোধ

নিবন্ধন স্থগিত থাকা রাজনৈতিক দলের নেতারা যেন ভিন্ন নামে ভোটে দাঁড়াতে না পারেন, সে বিষয়েও নির্বাচন কমিশনকে ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান তিনি।

এক প্রশ্নের জবাবে ববি হাজ্জাজ বলেন, "আইনের ঊর্ধ্বে কেউ নয়।নিবন্ধন স্থগিত থাকলে সেই দলের কেউই প্রার্থী হতে পারবেন না–এটা নিশ্চিত করতে হবে।"

ভোটের সময়সূচি প্রসঙ্গে তিনি বলেন, "ফেব্রুয়ারিকে ধরে নির্বাচন আয়োজনের প্রস্তুতি নেওয়ার বিষয়ে ইসিকে বলেছি। তবে সিইসি জানিয়েছেন, এখনো সরকারের তরফ থেকে কোনো নির্দিষ্ট নির্দেশনা আসেনি।নির্বাচন কমিশন জুনের মধ্যে ভোট আয়োজনের প্রস্তুতি নিচ্ছে।"

তিনি আরও বলেন, নির্বাচন কবে হবে সে বিষয়ে সিইসি যদি স্পষ্ট করে জানান, তবে জনগণের মধ্যেও একটি পরিষ্কার ধারণা তৈরি হবে।

সিইসি নির্বাচনী চেয়ারম্যান

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:07

URL: https://timestodaybd.com/public/national/4397775807